৭ বছর পর গণ বিশ্ববিদ্যালয়ে গকসু নির্বাচনে ভোটগ্রহণ শুরু



সংগৃহীত ছবি

দীর্ঘ সাত বছর পর আবারো অনুষ্ঠিত হচ্ছে গণ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু) নির্বাচন। সকাল ৯টা থেকে শুরু হওয়া ভোটগ্রহণ চলবে দুপুর ৩টা পর্যন্ত। বিশ্ববিদ্যালয়ের ৩২ একরজুড়ে বিস্তৃত ক্যাম্পাসে মোট ১৯টি কেন্দ্রে চলছে এই ভোটগ্রহণ।

শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণে ক্যাম্পাসে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। দীর্ঘ প্রতীক্ষার পর ভোটাধিকার প্রয়োগ করতে পারায় শিক্ষার্থীরা উচ্ছ্বাস প্রকাশ করেছেন।

এবারের নির্বাচনে ১১টি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোট ৫৮ জন প্রার্থী। ভোটার সংখ্যা ৪ হাজার ৭৬১ জন। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, গত ১১ আগস্ট তফসিল ঘোষণার পর মনোনয়নপত্র বিতরণ, যাচাই-বাছাই, প্রার্থীদের তালিকা প্রকাশ এবং ডোপ টেস্টসহ সব প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট নিশ্চিত করতে ক্যাম্পাসজুড়ে নেওয়া হয়েছে কড়া নিরাপত্তা ব্যবস্থা। ৩৫০ জন নিরাপত্তা সদস্য মোতায়েন থাকার পাশাপাশি প্রতিটি কেন্দ্রে সিসি ক্যামেরা বসানো হয়েছে। এছাড়া স্ট্রাইকিং ফোর্স হিসেবে সেনাবাহিনী এবং কুইক রেসপন্স টিমও দায়িত্ব পালন করছে।

ভোটের পরিবেশ নিয়ে আশাবাদ ব্যক্ত করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন। তিনি বলেন, “দেশের একমাত্র বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে গকসু নির্বাচন জাতীয় নেতৃত্ব গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এবারের নির্বাচন সুষ্ঠু, নিরপেক্ষ ও অন্তর্ভুক্তিমূলকভাবে সম্পন্ন হবে বলে আমরা আশাবাদী।”

উল্লেখ্য, গণ বিশ্ববিদ্যালয়ে প্রথম গকসু নির্বাচন অনুষ্ঠিত হয় ২০১৩ সালে। সর্বশেষ ২০১৮ সালের নির্বাচনের মাধ্যমে তৃতীয় কার্যনির্বাহী সংসদ গঠিত হলেও ২০২০ সালে তা বিলুপ্ত ঘোষণা করা হয়। এবার অনুষ্ঠিত হচ্ছে চতুর্থ সংসদ নির্বাচন।